দৈনিক ইত্তেফাক
তারিখ 02 DEC 1998
পৃষ্ঠা ৫ কলাম ৭

37

# ছাত্র রাজনীতি নয়, আদর্শহীন বুর্জোয়া রাজনীতিই সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য দায়ী

—খালেকুজ্জামান

প্রেস বিজ্ঞপ্তি ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান ছাত্র রাজনীতি সম্পর্কে রাষ্ট্রপতির বক্তব্যের সমালোচনা করে বাসদ আহবায়ক কমরেড খালেকুজ্জামান বলেন, ছাত্র রাজনীতি নয়, নীতি-আদর্শ-মূল্যবোধহীন বুর্জোয়া রাজনীতিই সমাজে ধ্বংসাত্মক ও সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য দায়ী। তিনি গত সোমবার বিকেলে নারায়ণগঞ্জে ডায়মণ্ড চত্বরে অনুষ্ঠিত জনসভায় প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

বাসদের ১৮তম প্রতিষ্ঠা বার্ষিকী ও রুশ বিপ্লবের ৮১তম বার্ষিকী উপলক্ষে জেলা সমন্বয়ক মাহবুবুর রহমান ইসমাইলের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় আরো বক্তব্য রাখেন বাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড আব্দুল্লাহ সরকার ও স্থানীয় নেতা কমরেড আবু নাঈম খান বিপ্লব। কমরেড খালেকুজ্জামান আরো বলেন, গত ২৭ বছরের বুর্জোয়া শাসনে দেশের অর্থনীতি, রাজনীতি, শিক্ষা-সংস্কৃতি এক কথায় সমস্ত ক্ষেত্রে এক সর্বগ্রাসী সংকট নেমে এসেছে। তিনি বলেন, শিল্প প্রতিষ্ঠার নাম করে দেশের ব্যাংক থেকে হাজার হাজার কোটি টাকা নিয়ে লুটেরারা আত্মস্যাৎ করেছে। সরকারের মন্ত্রীরা ঋণখেলাপীদের চিনে বললেও তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করছে না। খেলাপীঋণ সংস্কৃতি একটা অর্থনৈতিক সন্ত্রাস।